

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
Email: pdkishori2018@gmail.com

স্মারক নং- ৩২.০১.০০০০.০০৩.১৪.০০২.১৮- ২৪৭

তারিখঃ ১৫/০৭/২০১৯ খ্রিঃ।


নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তরাস্থান “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পে সম্পূর্ণ চুক্তি ভিত্তিতে প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য নিম্নবর্ণিত পদে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :-

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বয়স সীমা	বেতন স্কেল/সাকুল্যে বেতন	শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতা
১।	ফিল্ড সুপারভাইজার	১২৮	অনুর্ধ্ব ৩০ বছর	১৫,৬৫০/- (সর্বসাকুল্যে)	যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণির স্নাতক পাশ এবং কম্পিউটার চালনায় (মাইক্রোসফ্ট অফিস) বাস্তব অভিজ্ঞতা। সংশ্লিষ্ট বিষয়ে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা।

শর্তাবলীঃ

- সকল প্রার্থী অনলাইনে <https://erecruitment.bcc.gov.bd> ওয়েব সাইটের মাধ্যমে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আগামী ০৬/০৮/২০১৯ তারিখ পর্যন্ত আবেদন করতে পারবে। অনলাইন ব্যতিত অন্যকোন মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে না।
- অনলাইনে আবেদনের জন্য <https://erecruitment.bcc.gov.bd> ওয়েব সাইটে প্রবেশ করে প্রথমে নিবন্ধন করতে হবে। নিবন্ধনের জন্য ই-মেইল ও মোবাইল নম্বর আবশ্যিক। নিবন্ধন সম্পন্ন হবার পর নিবন্ধনকারীর ই-মেইল —এ e-recruitment কর্তৃক ভেরিফিকেশন লিংক এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। একাউন্ট ভেরিফাই করার পর ই-মেইল আইডি এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করে আবেদনের প্রয়োজনীয় খাপসমূহ সম্পন্ন করতে হবে। (প্রয়োজনে সংশ্লিষ্ট ওয়েবসাইট হতে নিবন্ধন গাইড লাইন ও আবেদনের গাইড লাইন অনুসরণ করা যাবে)।
- কোটাধারী আবেদনকারীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ডকুমেন্ট আপলোড করতে হবে। আবেদনকারীর কোটা সংক্রান্ত বিষয়ে সর্বশেষ সরকারি সিদ্ধান্ত প্রযোজ্য হবে।
- পরীক্ষা সংক্রান্ত সকল তথ্যাদি যথাসময়ে ই-মেইল ও এসএমএস এবং মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েবসাইট www.dwa.gov.bd মাধ্যমে জানানো হবে।
- লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন, চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন/পৌরসভার চেয়ারম্যান/কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবিসহ সংশ্লিষ্ট সকল ডকুমেন্ট/সনদপত্রের মূলকপি এবং ০১ (এক) সেট ফটোকপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) অফিসে ব্যবহারের জন্য দাখিল করতে হবে।
- আগামী ১৬/০৭/২০১৯ খ্রিঃ তারিখে সংশ্লিষ্ট পদের প্রার্থীদের বয়স অনুর্ধ্ব ৩০ বছর এর মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা, পুত্র কন্যার পুত্র- কন্যা, প্রতিবন্ধী ও অন্যান্য প্রযোজ্য ক্ষেত্রে বয়সের সর্বোচ্চ সীমা ৩২ (বত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- সরকারি, আধাসরকারি/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- চাকুরীতে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল / আংশিক /সম্পূর্ণ পরিবর্তন এবং পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধি করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।
- নির্ধারিত তারিখের পর কোন আবেদন এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন সফটওয়্যার কর্তৃক গৃহীত হবে না।
- আবেদন পত্রের সহিত কোন পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট দেয়ার প্রয়োজন নেই।


(বিকাশ চন্দ্র সিকদার)

প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব)
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
ফোন- ০২-৫৫১৩৮০১৭।